

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৩৪

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি দুনিয়াতে মানুষের প্রয়োজন পূরণ করে, মহান আল্লাহ তার প্রয়োজন করবেন

ذَكَرُ قَضَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا حَوَائِجَ مَنْ كَانَ يَقْضِي حَوَائِجَ الْمُسْلِمِينَ فِي الدُّنْيَا

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا لَيْثٌ عَنْ عَقِيلٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ: (الْمُسْلِمُ أَخُو الْمُسْلِمِ لَا يَظْلِمُهُ وَلَا يُسْلَمُهُ مَنْ كَانَ فِي حَاجَةِ أَخِيهِ كَانَ اللَّهُ فِي حَاجَتِهِ وَمَنْ فَرَّجَ عَنْ مُسْلِمٍ كُرْبَةً فَرَّجَ اللَّهُ بِهَا عَنْهُ كُرْبَةً مِنْ كُرْبِ يَوْمِ الْقِيَامَةِ وَمَنْ سَتَرَ مُسْلِمًا سَتَرَهُ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ).

الراوي : عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 534 | خلاصة حكم المحدث : صحيح .

বাংলা

৫৩৪. আব্দুল্লাহ বিন উমার রাঈয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “এক মুসলিম অপর মুসলিমের ভাই। সে তাকে যুলম করবে না এবং তাকে (যালিমের কাছে) সোপর্দও করবে না। যে ব্যক্তি তার ভাইয়ের প্রয়োজন পূরণে নিয়োজিত থাকেন, মহান আল্লাহ তার প্রয়োজন পূরণে থাকেন। যে ব্যক্তি কোন মুসলিম ব্যক্তির বিপদ দূর করবে, মহান আল্লাহ কিয়ামতের দিন তার বিপদ দূর করবেন। যে ব্যক্তি কোন মুসলিম ব্যক্তির দোষ গোপন রাখবে, মহান আল্লাহ কিয়ামতের দিন তার দোষ গোপন রাখবেন।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ৪৮৯৩; সহীহ মুসলিম: ২৫৮০; তিরমিযী: ১৪২৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৫১৮; মুসনাদ আহমাদ: ২/৯১; সহীহ আল বুখারী: ২৪৪২; সুনান বাইহাকী: ৬/৯৪।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৫০৪।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88998>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন